173

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 APR 1998
পৃঃ ৫ কলাম ১

# নীলফামারীর ১৪টি পরীক্ষা কেন্দ্রে ব্যাপক নকল ॥ শিক্ষকরা নিষ্ক্রিয়

নীলফামারী সংবাদদাতা ॥ জেলার ৬টি থানার ১৪টি এসএসসি ও দাখিল পরীক্ষা কেন্দ্রে ব্যাপক হারে গণটোকাটুকির অভিযোগ পাওয়া গিয়াছে। স্কুল-মাদ্রাসা শিক্ষকরা গণটোকাটুকি প্রতিরোধে নিষ্ক্রিয়তার দরুন প্রতিটি কেন্দ্রে নিয়োজিত ম্যাজিস্ট্রেটগণ গত ১০দিনের পরীক্ষায় মোট ৬৯১ জন পরীক্ষার্থীকে এবং এক মাদ্রাসার অধ্যক্ষসহ ৩১ জন শিক্ষককে বহিষ্কার করিয়াছে। নকল সরবরাহ করার দায়ে ৩ জন বহিরাগতকে গ্রেফতার করা হইয়াছে। পরীক্ষায় সার্বিক দায়িত্বে নিয়োজিত জেলা পর্যায়ের জনৈক কর্মকর্তা জানান, স্কুল-মাদ্রাসার শিক্ষকদের আন্তরিকতার অভাব এবং নিষ্ক্রিয়তার কারণেই ব্যাপক গণটোকাটুকি রোধ করা সম্ভব হইতেছে না। অপরদিকে শিক্ষকরা নিরাপত্তার অজুহাত তুলিয়া নকল প্রতিরোধে সক্রিয় ভূমিকা পালন করিতে পারিতেছে না বলিয়া জানান।